কুমিল্লা বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সৃজনশীল প্রশ্ন

সময়- ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান- ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে তিনটি এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

ক বিভাগ: ব্যাংকিং

১.▶ মি. অর্নব একজন ব্যবসায়ী। তিনি X নামক একটি ব্যাংকে হিসাব সংরক্ষণ করেন, যে ব্যাংক শুধু একটি অফিসের মাধ্যমে ব্যাংকিং কর্মকাণ্ড, সম্পাদন করেন। সম্প্রতি মি. অর্নবের ব্যবসায় পরিসর 'বেড়ে যাওয়ায় ব্যবসায়িক প্রয়োজনে তাকে দেশের বিভিন্ন স্থানের ব্যবসায়ীদের সাথে লেনদেন সম্পাদান করতে হচ্ছে। এমতাবস্থায় X ব্যাংকের মাধ্যমে তার ব্যবসায়িক লেনদেন সুচারুরূপে সম্পাদন করা সম্ভব হচ্ছে না। তাই তিনি 'Y' নামক একটি ব্যাংকে হিসাব খুললেন যাতে দেশে-বিদেশে তার সকল ব্যবসায়িক কর্মকাণ্ডে ব্যাংকিং সুবিধা পাওয়া যায়।

ক. ব্যাংক কী? ১

খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত X ব্যাংকটি কাঠামোগতভাবে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. অর্নবের 'Y' নামক ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

২.▶ ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তর করাই বর্তমান সরকারের মূল লক্ষ্য। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য দরকার কৃষি, শিল্পসহ অর্থনীতির অন্যান্য গুরুত্বপূর্ণ খাতকে শক্তিশালীকরণ। বর্তমানে বাংলাদেশের ব্যাংকি ব্যবস্থা যথেষ্ট শক্তিশালী এবং ব্যাংকসমূহ গার্মেন্টসসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠানকে সহজশর্তে ঋণ দিচ্ছে, কিন্তু বাংলাদেশের কৃষিখাত সবসময় অবহেলিত। প্রয়োজনীয় কৃষিঋণ ও অন্যান্য সুযোগ-সুবিধার অভাবে দিন দিন কৃষি পেশা হিসেবে আকর্ষণ হারাচ্ছে, যা কাম্য কৃষি উৎপাদনকে ব্যাহত করছে। এ বাস্তব সমস্যা অবগত হয়ে বাংলাদেশ ব্যাংক সম্প্রতি তার তালিকাভুক্ত ব্যাংকসমূহকে তাদের মোট প্রদত্ত ঋণের একটি নির্দিষ্ট অংশ একটি নির্দিষ্ট সময়ের জন্য কৃষকদের প্রদান করা বাধ্যতামূলক করে আদেশ জারি করেছে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কোন ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় এবং কেন? ২

গ. উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণের কোন ধরনের গুণগত পদ্ধতির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে কৃষকদের জন্য ঋণপ্রাপ্তি নিশ্চিতকরণে বাংলাদেশ ব্যাংকের আদেশ জারির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩.▶ জনাব মাহবুব একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করতেন। চাকরিকালীন সময়ে তিনি একটি ব্যাংক হিসাব খোলেন এবং বেতনের উদ্বৃত্ত অর্থ ঐ ব্যাংক হিসাবে জমা রাখতেন। বর্তমানে তিনি চাকরি ছেড়ে একটি ব্যবসায় প্রতিষ্ঠান চালাচ্ছেন। দিন দিন তার ব্যবসায়ের কার্যক্রম বৃদ্ধি পাচ্ছে। সম্প্রতি ৩ জন আলাদা পাওনাদারকে তিনি মোট ৩টি চেক প্রদান করেন। একই সপ্তাহের তিনটি ভিন্ন কর্মদিবসে চেক তিনটি ব্যাংক উপস্থাপন করা হলে ব্যাংক প্রথম উপস্থাপিত ২টি চেক মঞ্জুর করে এবং পর্যাপ্ত ব্যালেন্স থাকা সত্ত্বেও ৩য় চেকটি প্রত্যাখ্যান করে। জনাব মাহবুব ব্যাংক ম্যানেজারের কাছে চেক প্রত্যাখ্যানের কারণ জানতে চাইলে ব্যাংক ম্যানেজার হিসাবের ধরন পরিবর্তনের পরামর্শ দেন।

ক. প্রমিসরি নোট কী? ১

খ. কোন হিসাবে ব্যাংক চেক বই প্রদান করে না? ২

গ. উদ্দীপকের জনাব মাহবুব চাকরিকালীন সময়ে কোন ধরনের ব্যাংক হিসাবে অর্থ জমা রাখতেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংক ম্যানেজারের পরামর্শে জনাব মাহবুব কর্তৃক নতুন ধরনের হিসাব খোলা কি যৌক্তিক হবে? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ জনাব রহমান একটি দশ তলাবিশিষ্ট ভবনের মালিক। তিনি তার ভাড়াটিয়াদের নিকট থেকে নগদে অথবা চেকের মাধ্যমে মাসিক বাড়িভাড়া গ্রহণ করেন। ২০১৫ সালের অক্টোবর মাসের ভাড়া বাবদ তিনি পাঁচজন ভাড়াটিয়ার নিকট থেকে মোট ৯০,০০০ টাকার সোনালী ব্যাংক লিমিটেড আগ্রাবাদ শাখায় পাঁচটি চেক পান। জনাব রহমানের সোনালী ব্যাংক লি. আগ্রাবাদ শাখায় একটি ব্যাংক হিসাব আছে। প্রাপ্ত চেক ৫ টিতে জনাব রহমানকে অথবা বাহককে' কথাটি লেখা ছিল। তিনি চেক পাঁচটির বাম কোণায় দুটি করে রেখা টেনে দিয়ে সোনালী ব্যাংকে জমাদানের জন্য তার এক নিকটাত্মীয়ের নিকট হস্তান্তর করলেন। উক্ত আত্মীয় ব্যাংকে চেক পাঁচটি জমা দিয়ে নগদ অর্থ দাবি করলে ব্যাংক কর্তৃপক্ষ তার দাবি প্রত্যাখ্যান করেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. চেকের আদিষ্ট কে? বুঝিয়ে লেখো। ২

গ. জনাব রহমান ভাড়াটিয়াদের নিকট থেকে কী ধরনের চেক পেয়েছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের জনাব রহমান কর্তৃক চেকের কোণায় লাইন টেনে দেয়ার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৫.▶ মি. ইউসুফ একটি বাণিজ্যিক ব্যাংকের সঞ্চয়ী হিসাবের আমানতকারী। ব্যাংক তাকে একটি চেক বই ছাড়াও জরুরি লেনদেনের প্রয়োজনে একটি বিশেষ কার্ড

সরবরাহ করে। তিনি উক্ত কার্ড ব্যবহার করে ATM বুথ থেকে অর্থ উত্তোলন এবং যাবতীয় কেনাকাটা সম্পন্ন করতে পারেন। অন্যদিকে তার বন্ধু সঞ্জীব আরেকটি ভিন্ন ধরনের কার্ড দিয়ে কেনাকাটা করেন। এ ধরনের কার্ড দিয়ে ঋণ সুবিধা পাওয়া যায় এবং নির্দিষ্ট সীমা পর্যন্ত বাকিতে/ ধারে পণ্য ক্রয়ও করা যায়।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১

খ. VISA CARD কোন ধরনের কার্ড? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. ইউসুফের ব্যবহৃত কার্ডের ধরন কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. জীবনযাত্রার মান উন্নয়নের ক্ষেত্রে উদ্দীপকে মি. ইউসুফের ব্যবহৃত কার্ডের তুলনায় মি. সঞ্জীবের কার্ডটি কি তুমি উত্তম মনে করো? মতামত দাও। ৪

৬. ▶

চিত্র : বৈদেশিক মুদ্রার চাহিদা ও যোগানের পরিমাণ

ক. ভাসমান মুদ্রা কী? ১

খ. বৈদেশিক বিনিময় হার নির্ধারণের আধুনিক তত্ত্ব কোনটি এবং কেন? ২

গ. উপরোক্ত চিত্রের E বিন্দুতে কী নির্ধারিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. চিত্রে উল্লিখিত পদ্ধতিতে বিনিময় হার নির্ধারণ কতটুকু যৌক্তিক? তোমার যৌক্তিক মতামত দাও। ৪

খ বিভাগ: বিমা

৭. ▶ জনাব রিয়াজ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক। স্বল্প বেতনের কারণে তিনি নিজের এবং পরিবারের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। বিদ্যালয়টির প্রধান শিক্ষকের পরামর্শে তিনি 'আলফা বিমা কোম্পানির নিকট থেকে নিজের ও স্ত্রীর নামে ২০ বছর মেয়াদি আলাদা দুইটি বিমা পলিসি গ্রহণ করেন। বিমা চুক্তির শর্ত অনুযায়ী বিমাকৃত সময়ের মধ্যে মৃত্যু হলে বিমাগ্রহীতার মনোনীত ব্যক্তি আর মৃত্যু না হলে বিমাগ্রহীতা নিজে বিমা দাবি লাভ করবেন। বিমা পলিসি গ্রহণের ১০ বছর পর জনাব রিয়াজের মৃত্যু হলে তার স্ত্রী ও বৃদ্ধা মা উভয়ই বিমা দাবি প্রাপ্তির জন্য বিমা

কোম্পানির নিকট দাবি পেশ করে। বিমা কোম্পানিটি জনাব রিয়াজের মায়ের দাবি প্রত্যাখ্যান করেন এবং তার স্ত্রীর দাবিকে সমর্থন করে দাবি পূরণের নিশ্চয়তা দেন।

ক. মৃত্যুহার পঞ্জি কী? ১

খ. জীবন বিমা কোন ধরনের চুক্তি? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের জনাব রিয়াজ কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা প্রতিষ্ঠানটি কর্তৃক জনাব রিয়াজের মায়ের দাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৮.▶ জনাব তৌহিদ একটি আসবাবপত্রের দোকানের মালিক। তিনি তার দোকানে রক্ষিত ২ লক্ষ টাকার আসবাবপত্রের জন্য ১ লক্ষ ৬০ হাজার টাকার একটি অগ্নিবিমাপত্র গ্রহণ করেন। সম্প্রতি আগুন লেগে উক্ত দোকানের ৮০ হাজার টাকা সমমূল্যের আসবাবপত্র পুড়ে যায়। তিনি বিমা প্রতিষ্ঠানের কাছে সম্পূর্ণ ৮০ হাজার টাকা ক্ষতিপূরণ দাবি করলে বিমা প্রতিষ্ঠানটি তার দাবি প্রত্যাখ্যান করে এবং গড়পড়তা হারে ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দেয়।

ক. নৈতিক ঝুঁকি কী? ১

খ. অগ্নিবিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ২

গ. জনাব তৌহিদের প্রাপ্তব্য প্রকৃত বিমা দাবির পরিমাণ নিরূপণ করো। ৩

ঘ. বিমা কোম্পানি কর্তৃক গড়পড়তা হারে ক্ষতিপূরণ প্রদান কতটা যৌক্তিক? বিমার ধরন বিবেচনায় তোমার মতামত দাও। ৪

৯.▶ জনাব ইকবাল 'রূপসী বাংলা'সহ আরও পাঁচটি জাহাজের মালিক। তিনি একই বিমাপত্রের অধীনে সবকটি জাহাজের জন্য ০১-০১-২০১৫ থেকে ৩১-১২-২০১৫ তারিখের মধ্যে সংঘটিত যেকোনো নৌ দুর্ঘটনার বিপক্ষে 'সানরাইজ ইন্সুরেন্স কোম্পানির নিকট থেকে একটি বিমাপত্র গ্রহণ করেন। বিমাকৃত জাহাজের বর্তমান অবস্থান মান ও বাজারমূল্য বিবেচনায় এনে বিমা প্রিমিয়ামের পরিমাণ নির্ধারিত হয়। গত ০১-১০-২০১৫ তারিখে 'রূপসী বাংলা' জাহাজটি ঘূর্ণিঝড়ে আক্রান্ত হয়ে ডুবে যায়। জনাব ইকবাল বিমা কোম্পানির নিকট দাবি পেশ করলে কোম্পানি চুক্তি অনুসারে ক্ষতিপূরণ করে। পরবর্তীতে বিমা প্রতিষ্ঠানটি ডুবন্ত জাহাজটি উদ্ধার করে এবং তা শিপ ব্রেকিং কোম্পানির কাছে ২০ লক্ষ টাকায় বিক্রয় করে। জনাব ইকবাল উদ্ধারকৃত জাহাজটির বিক্রয়মূল্য দাবি করলে বিমা প্রতিষ্ঠানটি তার দাবি নাকচ করে দেয়।

ক. নৌ বিপদ কী? ১

খ. জেটিসনের ফলে কোন ধরনের সামুদ্রিক ক্ষতির উদ্ভব হয়? বুঝিয়ে লেখো। ২

গ. জনাব ইকবাল কোন ধরনের নৌ বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা কোম্পানি কর্তৃক জনাব ইকবালের ২য় দাবিটি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ৩

সময়– ৪০ মিনিট | পূর্ণমান– ৪০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. নিচের কোনটি ই-ব্যাংকিং সেবার মধ্যে পড়ে না?
ⓚ মোবাইল ব্যাংকিং　ⓚ অনলাইন ব্যাংকিং
ⓖ ইন্টারনেট ব্যাংকিং　ⓖ চেকের মাধ্যমে ব্যাংকিং

২. কোন বিমার ক্ষেত্রে গ্রুপ বিমা প্রযোজ্য?
ক) নৌ বিমা　খ) শস্য বিমা
গ) অগ্নি বিমা　ঘ) জীবন বিমা

৩. একজন গ্রাহক ব্যাংক হিসাব খোলার সময় ব্যাংকে কোন বিষয়টি বিবেচনা করবে?
ক) অবস্থান　খ) শাখার সংখ্যা
গ) প্রকৃতি　ঘ) মূলধন

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।
মি. আকাশ অনেক দিন যাবৎ একটি মেশিন ভাড়ার ব্যবহার করে আসছেন। তিনি নিজ নামে উক্ত মেশিনের বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার প্রস্তাবে অস্বীকৃতি জানায়।

৪. মি. আকাশ কোন ধরনের বিমা করতে চেয়েছিলেন?
ক) দায় বিমা　খ) সম্পত্তি বিমা
গ) বেকার বিমা　ঘ) অগ্নি বিমা

৫. কী কারণে বিমা কোম্পানি প্রস্তাবটি প্রত্যাখ্যান করে?
ক) চূড়ান্ত সদ্বিশ্বাসের অভাব
খ) ঝুঁকির আধিক্য
গ) বৈধ প্রতিদানের অভাব
ঘ) বিমাযোগ্য স্বার্থের অভাব

৬. কোনটি স্বল্পমেয়াদি তহবিলের উৎস?
ক) পরিশোধিত মূলধন　খ) সঞ্চিতি তহবিল
গ) শেয়ার বিক্রয়　ঘ) ঋণপত্র বিক্রয়

৭. যদু বাবু বাকিতে ক্রয়-বিক্রয়ের জন্য অত্যন্ত জনপ্রিয় হস্তান্তরযোগ্য ঋণের দলিল ব্যবহার করেন। তিনি কোন ধরনের ঋণের দলিল ব্যবহার করেন?
ক) চেক　খ) অঙ্গীকারপত্র
গ) বিনিময় বিল　ঘ) ব্যাংকের আজ্ঞাপত্র

৮. ব্যক্তিগত দুর্ঘটনা বিমার প্রিমিয়াম নির্ধারণের বিবেচ্য বিষয় হলো-
ক) ব্যক্তির পেশা　খ) শিক্ষাগত যোগ্যতা
গ) বয়স　ঘ) সামাজিক মর্যাদা

৯. সবচেয়ে কম পরিমাণ অর্থ দিয়ে কোন হিসাব খোলা হয়?
ক) স্থায়ী　খ) চলতি
গ) বিশেষ চলতি　ঘ) সঞ্চয়ী

১০. সামুদ্রিক ঝড়ে জাহাজ ডুবি থেকে রক্ষার উদ্দেশ্যে কিছু পণ্য সমুদ্রে নিক্ষেপ করা যে ধরনের সামগ্রিক ক্ষতি তা হলো–
i. গচ্চা　ii. সাধারণ আংশিক ক্ষতি
iii. ত্যাগ স্বীকার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১১. দাগকাটা চেক কার নিরাপত্তা নিশ্চিত করে?
ক) বাহক　খ) আদেষ্টা
গ) আদিষ্ট　ঘ) প্রাপক

১২. মি. মাইকেল এবং B বিমা কোম্পানি বেশ কিছু শর্ত উল্লেখ করে একটি বিমা চুক্তি করে। তাদের এ বিমা চুক্তির শর্তকে পালন করতে বাধ্য থাকবে?
ক) বিমাকর্মী　খ) বিমাকারী
গ) বিমাগ্রহীতা　ঘ) উভয় পক্ষ

১৩. কার অনুমোদন ছাড়া প্রত্যয়পত্র বাতিল করা যায় না?
ক) বিনিয়োগকারী　খ) আমদানিকারক
গ) ব্যাংকার　ঘ) রপ্তানিকারক

১৪. বিমাযোগ্য স্বার্থ বিমা গ্রহীতার কীসের উপর নির্ভর করে?
ক) বিষয়বস্তু　খ) সুনাম
গ) উদ্দেশ্য　ঘ) আর্থিক সুবিধা

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।
কবির চাকরির জন্য পত্রিকায় একটি বিজ্ঞাপন দেখল। সে চাকরির ইন্টারভিউতে অংশগ্রহণ করার সিদ্ধান্ত নিল। ইন্টারভিউ ফরমের ফি ব্যাংকের মাধ্যমে পে-অর্ডার করে পাঠাতে হবে। তাই সে 'Y' ব্যাংকে গিয়ে পে-অর্ডারের মাধ্যমে ৩০০ টাকা ঐ কোম্পানিতে পাঠালো।

১৫. 'Y' ব্যাংক কবিরের নিকট কী হিসেবে কাজ করেছে?
ক) গ্রাহকের প্রতিনিধি　খ) নিরাপত্তার প্রতীক
গ) বিশ্বস্ততার প্রতীক　ঘ) মূলধন স্থানান্তর

১৬. পে-অর্ডার ইস্যুর মাধ্যমে 'Y' ব্যাংক কোন ধরনের কার্য সম্পাদন করেছে?
ক) গোপনীয়তা রক্ষা　খ) বিশ্বস্ততার প্রতীক
গ) নিরাপত্তা　ঘ) সেবা বিক্রয়

১৭. জীবন বিমার দাবি উত্থাপনের জন্য প্রয়োজন–
i. পারিবারিক তথ্য
ii. বয়সের প্রমাণপত্র
iii. মৃত্যু প্রমাণপত্র
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৮. গনি মিয়া একজন কৃষক। তিনি এ বছর প্রচুর পরিমাণ ধান উৎপাদন করেন। কিন্তু এ বছর ধানের বাম্পার ফলন হওয়ায় তার ধানের মূল্য কমে যায়। গনি মিয়া কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছে?
ক) নৈতিক　খ) অর্থনৈতিক
গ) প্রাকৃতিক　ঘ) ব্যবসায়িক

১৯. নিচের কোনটি চেকের উপর উল্লেখ করতে হয় না?
ক) স্থিতির পরিমাণ
খ) গ্রহীতার নাম
গ) দাতার নাম
ঘ) প্রস্তুতের তারিখ

২০. নৌ বিপদ প্রধানত কত প্রকার?
ক) ২
খ) ৩
গ) ৪
ঘ) ৫

২১. ATM হলো-
ক) Accounts Transfer Machine
খ) Automated Teller Machine
গ) Automatic Transfer Mchod
ঘ) Automatic Teller Machine

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।
'X' ব্যাংকের ব্যবস্থাপক মি. মিলন জমি নিবন্ধনের মাধ্যমে বন্ধক রেখে মি. সজিবকে ৭ কোটি টাকা ঋণ দেয়। মি. সজিব উক্ত ঋণ পরিশোধে ব্যর্থ হয়। ব্যাংক জমিটি বিক্রয় করে ৫ কোটি টাকা আদায় কতে সক্ষম হয়।

২২. উদ্দীপকের বন্ধকটি কোন ধরনের বন্ধক?
ক) শর্তাধীন
খ) ভাসমান
গ) সাধারণ
ঘ) স্থায়ী

২৩. উত্তম জামানতের কোন বৈশিষ্ট্য উদ্দীপকে লক্ষিত হয়েছে?
ক) বাজার মূল্য
খ) বিক্রয়যোগ্যতা
গ) মালিকানা স্বত্ব
ঘ) দখল স্বত্ব

২৪. আইনগত স্বীকৃতির জন্য বিনিময় বিলে কী সংযোজন করা বাধ্যতামূলক?
ক) অসীম পরিশোধ সময়
খ) স্ট্যাম্প
গ) অনির্দিষ্ট পরিমাণ
ঘ) শর্তযুক্ত আদেশ

২৫. অগ্নি বিমার অপরিহার্য বিশেষ উপাদান কোনটি?
ক) প্রত্যক্ষ কারণ
খ) স্বেচ্ছায় সায়
গ) নির্দিষ্টতা
ঘ) প্রস্তাব মূল্যায়ন

২৬. মি. করিম বৈদেশিক বাণিজ্য করতে চায়। কোন দলিলটি তার জন্য অধিক গুরুত্বপূর্ণ?
ক) ভ্রমণকারীর চেক
খ) প্রত্যয়পত্র
গ) পে-অর্ডার
ঘ) ব্যাংক আজ্ঞাপত্র

২৭. বিনিময়ের মাধ্যম হিসেবে নিচের কোনটি অধিক জনপ্রিয়?
ক) ব্যাংক নোট
খ) পে-অর্ডার
গ) চেক
ঘ) ব্যাংকের আজ্ঞাপত্র

২৮. দিন দিন দেশে স্বল্পমেয়াদি মূলধনের গতিশীলতা বৃদ্ধি পাচ্ছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে দেশের মুদ্রার মানের উপর কী প্রভাব পড়বে?
ক) ঝুঁকি দেখা দিবে
খ) মুদ্রার মান কমবে
গ) অপরিবর্তিত থাকবে
ঘ) দ্রব্যমূল্য কমবে

২৯. কোন বিমার ফলে আমদানি-রপ্তানি বাণিজ্যের উন্নয়ন ঘটে?
ক) জীবন
খ) নৌ
গ) শস্য
ঘ) অগ্নি

৩০. কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?
ক) আমানত সংগ্রহ
খ) মুনাফা অর্জন
গ) ঋণ নিয়ন্ত্রণ
ঘ) ঋণ প্রদান

৩১. ব্যাংক অব বার্সিলোনা কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক) ১১৫৭
খ) ১১৭৮
গ) ১৪০১
ঘ) ১৮০০

৩২. বাণিজ্যিক ব্যাংকের প্রধান লক্ষ্য–
ক) আমানত সংগ্রহ
খ) মুনাফা অর্জন
গ) সঞ্চয়ীকরণ
ঘ) ঋণ প্রদান

৩৩. ঋণদানকারী ব্যাংক প্রতিষ্ঠার তথ্য পাওয়া যায় খ্রিস্টপূর্ব ২০০০ অব্দে প্রাচীন কোন সভ্যতার মাধ্যমে?
ক) ভারতীয়
খ) গ্রিক
গ) জার্মান
ঘ) রোমান

৩৪. আলম একজন ছাত্র। তার বাবা হাত খরচের জন্য প্রতি মাসে তাকে কিছু টাকা দেন। সেই টাকা সে ব্যাংকে জমা রাখতে চায়। আলম কেন হিসেবে তার টাকা জমা রাখতে পারবে?
ক) বিশেষ চলতি
খ) চলতি
গ) স্থায়ী
ঘ) সঞ্চয়ী

৩৫. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?
ক) নৌ বিমা
খ) অগ্নি বিমা
গ) শস্য বিমা
ঘ) জীবন বিমা

৩৬. অর্থ সরবরাহের বিভিন্ন উপাদানের মধ্যে পড়ে–
i. ব্যাংক ঋণ
ii. বিহিত মুদ্রা
iii. বৈদেশিক মুদ্রা

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।
A ব্যাংকে B ব্যাংকের, B ব্যাংকে C ব্যাংকের ও C ব্যাংকে D ব্যাংকের কিছু চেক উপস্থাপিত হয়। উক্ত লেনদেনগুলোর নিষ্পত্তির জন্য ব্যাংক তিনটি M ব্যাংকের তত্ত্বাবধানে একত্রিত হয়।

৩৭. উক্ত লেনদেনসমূহ নিষ্পত্তির কাজকে কী বলে?
ক) নিরীক্ষার কাজ
খ) নিকাশ ঘর
গ) হিসাবরক্ষণ
ঘ) সমন্বয়করণ

৩৮. উক্ত কাজটি M ব্যাংকের কোন ধরনের কার্যাবলির অন্তর্ভুক্ত?
ক) উন্নয়নমূলক
খ) সাধারণ
গ) পরামর্শমূলক
ঘ) ব্যাংকের ব্যাংকার

৩৯. নৌ বিমার প্রচলন ঘটে সর্বপ্রথম কোথায়?
ক) ইতালিতে
খ) ইংল্যান্ডে
গ) ফ্রান্সে
ঘ) ভারতে

৪০. কোনটি বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজ?
ক) অর্থ স্থানান্তর
খ) বিল বাট্টাকরণ
গ) আমানত সংগ্রহ
ঘ) চেকের অর্থসংগ্রহ

১	খ	২	খ	৩	ক	৪	খ	৫	খ	৬	খ	৭	খ	৮	ক	৯	খ	১০	খ	১১	খ	১২	ক	১৩	খ	১৪	ঘ	১৫	ক	১৬	খ	১৭	খ	১৮	ঘ	১৯	খ	২০	ক
২১	খ	২২	ঘ	২৩	ক	২৪	খ	২৫	ক	২৬	খ	২৭	গ	২৮	গ	২৯	খ	৩০	গ	৩১	খ	৩২	খ	৩৩	ক	৩৪	ঘ	৩৫	গ	৩৬	ক	৩৭	খ	৩৮	ঘ	৩৯	ক	৪০	ঘ